

নিউ ইয়র্ক রাজ্যে প্রিকিন্ডারগার্টেন পরিবারগুলির প্রায়ই জানতে চাওয়া প্রশ্নের উত্তর দেওয়া হল

ইউনিভার্সাল প্রিকিন্ডারগার্টেন [Universal Prekindergarten (UPK)] কি?

নিউ ইয়র্ক রাজ্যে প্রিকিন্ডারগার্টেন (prekindergarten) বিভিন্ন ধরনের হয়। ইউনিভার্সাল প্রিকিন্ডারগার্টেন বা UPK হল রাজ্য ও যুক্তরাষ্ট্রের অর্থ পরিচালিত একটি প্রিকিন্ডারগার্টেন প্রোগ্রাম যা বিনামূল্যে পরিবারগুলিকে দেওয়া হবে, তবে প্রত্যেক বাচ্চাই যে এই প্রোগ্রামে অংশ নিতে পারবে এমন নিশ্চয়তা দেওয়া হচ্ছে না।

আমার বাচ্চা কি নিশ্চিতভাবে ইউপিকে পরিষেবা লাভ করতে পারবে?

না। যদিও, ইউপিকে বলতে “ইউনিভার্সাল প্রিকিন্ডারগার্টেন” বোঝায়, নিউ ইয়র্ক রাজ্যে এই মুহূর্তে প্রত্যেক স্কুল ডিস্ট্রিক্টের প্রত্যেক পরিবার প্রিকিন্ডারগার্টেন উপলব্ধ করতে পারবেন না। এই লক্ষ্যে নিউ ইয়র্ক রাজ্য কাজ করে চলেছে।

আমার বাচ্চা কখন প্রিকিন্ডারগার্টেনে যেতে পারবে?

স্কুল ডিস্ট্রিক্টের উপর নির্ভর করে, বাচ্চার তিন বা চার বছর বয়সে অথবা ১লা ডিসেম্বরের আগে প্রিকিন্ডারগার্টেনের জন্য বাবা-মা তাদের বাচ্চাকে রেজিস্টার করতে পারবেন। ঠিক কোন বয়সে এটা করা যাবে তা জানার জন্য, অনুগ্রহ করে আপনার স্কুল ডিস্ট্রিক্টের সাথে যোগাযোগ করুন।

একবার রেজিস্টার করলেই কি আমার বাচ্চা নিশ্চিতভাবে স্থান পেয়ে যাবে?

না। ইউপিকে উপলব্ধ আছে এমন ডিস্ট্রিক্টে স্থান পাওয়া যাবে যোগ্যতালাভের বয়স ও ডিস্ট্রিক্ট লটারি ব্যবস্থার মাধ্যমে। অপেক্ষা তালিকায় থাকার সম্ভাবনা সম্পর্কে জানতে, অনুগ্রহ করে আপনার স্কুল ডিস্ট্রিক্টের সাথে যোগাযোগ করুন।

আমার যদি মনে হয় আমার বাচ্চা ইউপিকের জন্য প্রস্তুত নয় তাহলে?

ইউপিকে প্রোগ্রামটি স্কুল ডিস্ট্রিক্ট ও বাচ্চা, কারণ জন্মেই বাধ্যতামূলক নয়। বাবা-মা এবং/অথবা পরিচর্যাকারীরা চাইলে নিজের বাচ্চা(দের)কে ইউপিকে প্রোগ্রামে নথিভুক্ত করতে পারেন।

আমি যদি এই বছর আমার বাচ্চাকে ইউপিকের জন্য রেজিস্টার না করাই, তাহলে পরের বছর কি সে অংশ নিতে পারবে?

না, কারণ পরের বছর সে কিন্ডারগার্টেনে ভর্তি হওয়ার যোগ্যতা পেয়ে যাবে। তবে, ইউপিকেতে অংশগ্রহণ করার পরে আপনি নিজের বাচ্চাকে কোন বেসরকারি প্রিকিন্ডারগার্টেন প্রোগ্রামে পাঠাতে পারবেন অথবা বাড়িতেই পড়াতে পারবেন।

ইউপিকেতে যোগ দেওয়ার আগে কি আমার বাচ্চাকে পরীক্ষা করা হবে?

হ্যাঁ, নতুন শিক্ষার্থী হিসাবে স্কুল ডিস্ট্রিক্টে প্রবেশের সময় বয়স বা গ্রেড নির্বিশেষে, তাদের পরীক্ষা নেওয়া হবে। এই পরীক্ষার মাধ্যমে শিক্ষকরা বাচ্চার বাড়ির ভাষা, নিজস্ব আগ্রহ, শক্তি ও চাহিদা সম্পর্কে মূল্যবান তথ্য পাবেন।

আমার বাচ্চার জন্য হয়তো প্রিস্কুলের বিশেষ শিক্ষা কর্মসূচী অথবা পরিষেবার দরকার হবে, ইউপিকে প্রোগ্রামে কি তা দেওয়া হবে?

হ্যাঁ, সবথেকে কম বিধিনিষেধ থাকা পরিবেশে বিশেষ শিক্ষা কর্মসূচী ও পরিষেবা দেওয়ার জন্য স্কুল ডিস্ট্রিক্টগুলি দায়বদ্ধ। আপনার বাচ্চার স্বতন্ত্র শিক্ষা কর্মসূচীর [individualized education program (IEP)] লক্ষ্য ও উদ্দেশ্যগুলি সম্পর্কে কীভাবে কাজ করা হবে তা আপনার স্কুল ডিস্ট্রিক্টের প্রিস্কুল বিশেষ শিক্ষা কমিটি ইউপিকে ক্লাসরুমেই শনাক্ত করবে। সেইসঙ্গে, আপনার বাচ্চা যাতে সামগ্রিক ইউপিকে প্রোগ্রাম থেকে যতদূর সম্ভব শিক্ষা গ্রহণ করতে পারে তার জন্য আইইপি আপনার বাচ্চাকে দেওয়া বিশেষ নির্দেশ, প্রাসঙ্গিক পরিষেবা, স্থান ও সহায়তা চিহ্নিত করবে। আরও জানার জন্য, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের [New York State Education Department (NYSED)] নির্দেশিকা- সরকারী অর্থে পরিচালিত প্রিকিন্ডারগার্টেন প্রোগ্রামে প্রিস্কুল অন্তর্ভুক্তির জন্য স্কুল ডিস্ট্রিক্টের দায়িত্ব দেখুন।

আমার বাচ্চার বাড়ির ভাষা বা প্রধান ভাষা ইংরাজি না হলে তাকে কীভাবে সাহায্য করা হবে?

ইউপিকে প্রোগ্রামে স্কুলের শিক্ষা ও বাড়িতে বাচ্চার লাভ করা অভিপ্ততাকে একত্রিত করা হবে। সহায়তা করার জন্য বিভিন্ন ভাষায় ভিজুয়াল, বই থাকবে, সেইসঙ্গে, ক্লাসে বাড়ির ভাষাও অন্তর্ভুক্ত করা হবে। ইংরাজি ভাষায় উন্নতি করার জন্য বাচ্চাদের সব ধরনের ভাষাগত দক্ষতা কাজে লাগাতে উদ্বুদ্ধ করা হবে। নতুন পরিবেশে মানিয়ে নিতে সাহায্য করার জন্য, বাচ্চার বাড়ির ভাষায় কথা বলা ও বাচ্চার প্রতিদিনের জীবনে বজায় থাকা প্রথা ও সংস্কৃতির ব্যবহার চালিয়ে যাওয়া জরুরী।